

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীর উদ্দেশ্যে এক চিঠিতে লিখেছেন সংবিধান - একটি পবিত্র দলিল যা স্পষ্টতা এবং দৃঢ়তার সঙ্গে দেশের অগ্রগতির পথ প্রদর্শন করে চলেছে।
- (৩) কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম উন্কোটি জেলায় বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প বাস্তবায়নের কাজে সত্ত্বে প্রকাশ করেন।
- (৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা প্রিয়বন্ধ এবং আন্ধনিক ভারত গড়ে তোলার কাজে যুবসমাজকেও এগিয়ে আসার আঙ্গন জানিয়েছেন।

Samvidhan Diwas :

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ৭৬-তম সংবিধান দিবস উদযাপিত হচ্ছে। এবারের সংবিধান দিবসের মূল ভাবনা হামারা সংবিধান- হামারা স্বত্ত্বাবন অর্থাৎ, আমাদের সংবিধান-আমাদের গর্ব। এই উপলক্ষে নতুন দিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু সংবিধানের প্রস্তাবনা পাঠ করে মূল অনুষ্ঠানের সূচনা করেন। তিনি বলেন, সংবিধান হল জাতীয় পরিচিতির মূল ভিত্তি। দেশকে উন্নয়নের পথে নিয়ে যাওয়ার দিক নির্দেশ করে এটি। সংবিধান জনগণের আকাঙ্ক্ষা প্রকাশের জন্য একটি অত্যন্ত কার্যকর কাঠামো প্রদান করে।

Byte-President # # # #

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন বলেন, সংবিধান স্বাধীনতার জন্য লড়াই করা লক্ষ লক্ষ দেশবাসীর সম্মিলিত জ্ঞান, ত্যাগ এবং স্বন্দের প্রতীক। বিশিষ্ট শিক্ষাবিদ, গীতি নির্ধারক কমিটি এবং সাংবিধানিক সভার সদস্যরা কোটি কোটি ভারতবাসীর আশা পূরণে তাদের সুচিহ্নিত মতামত দিয়েছেন।

Byte-Vice President # # # #

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, সংবিধানের ছত্রছায়ার অধীনে দেশে সুপ্রশাসন এবং আর্থ সামাজিক উন্নয়নের এক রূপান্তরমূলক যাত্রার সূচনা হয়েছে। রাষ্ট্রপতি মুর্ম মালায়লাম, মারাঠি, নেপালি, পাঞ্জাবি, বোরো, কাশ্মীরি, তেলুগু, ওড়িয়া ও অসমীয়া এই নয়টি ভাষায় অনুদিত ভারতের সংবিধান প্রকাশ করেন। উল্লেখ্য, ভারতের সংবিধান গৃহীত হওয়ার স্মরণে এই দিনটি উদযাপন করা হয়। স্বাধীন ভারতে ১৯৪৯ সালের ২৬শে নভেম্বর দেশের সংবিধান অনুমোদিত ও গৃহীত হয়। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী তা কার্যকর হয়েছিল।

Samvidhan Diwas-PM :

সংবিধান দিবসে দেশবাসীর উদ্দেশ্যে এক চিঠিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লিখেছেন সংবিধান - একটি পবিত্র দলিল যা স্পষ্টতা এবং দৃঢ়তার সঙ্গে দেশের অগ্রগতির পথ প্রদর্শন করে চলেছে। সংবিধান আমাদের ভোট দেওয়ার অধিকার দিয়েছে। নাগরিক হিসেবে, সবার কর্তব্য হল জাতীয়, রাজ্য এবং স্থানীয় নির্বাচনে ভোট দেওয়ার সুযোগ কখনই হাতছাড়া না করা।

Samvidhan Diwas-Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাম্বু বলেছেন, দেশবাসীর যা কিছু অধিকার ভোগ করার রয়েছে তার সবই আমাদের সংবিধানের অন্তর্ভুক্ত। আজ আগরতলার কুঞ্জবনে ১৯ পি এম কেন্দ্রীয় বিদ্যালয়ে, সংবিধান দিবস

উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে ভাষণে রাজ্যপাল বলেন, সংবিধান অনুযায়ী আমাদের দেশে উষ্ণ বীচ, ধূরী দরিদ্র, স্থান, জাত অনুযায়ী কোনও প্রভেদ নেই। সবাই সমান। সবাই সমান অধিকার ভোগ করেন।

Samvidhan Diwas-AIR :

৭৬তম সংবিধান দিবস উপলক্ষ্যে আকাশবাণী আগরতলা কেন্দ্রের প্রোগ্রাম বিভাগের প্রধান জয়শ্রী দেববর্মা উপস্থিত সমস্ত আধিকারিক ও কর্মীদের সংবিধানের প্রস্তাবনা পাঠ করান।

এদিকে, আকাশবাণী কৈলাশহর কেন্দ্রেও অনুষ্ঠান বিভাগের ভারপ্রাপ্ত আধিকারিক প্রবাল ভট্টাচার্য উপস্থিত সমস্ত কর্মীদের সংবিধানের প্রস্তাবনা পাঠ করান।

Samvidhan Diwas-Unakoti :

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাম বলেছেন, গুরুত শিক্ষার প্রসারে ২০২৬ সালের মধ্যে সারা দেশে ৭২৮টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল চালু করা হবে। বর্তমানে ৪৪০টি চালু রয়েছে। আজ উনকোটি জেলার কুমারঘাটের একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি ছাত্র-ছাত্রীদের নিয়মিত খেলাধূলা ও শরীরচার্চা করার পরামর্শ দেন। এই অনুষ্ঠানে সংবিধান দিবস পালন উপলক্ষ্যে কেন্দ্রীয় মন্ত্রী সহ উপস্থিত সকলে সংবিধানের প্রস্তাবনা পাঠ করেন। কেন্দ্রীয় মন্ত্রী স্কুলের বিভিন্ন শ্রেণীকক্ষ, পরীক্ষাগার, কম্পিউটার কক্ষ ঘুরে দেখেন। কথা বলেন শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ। কেন্দ্রীয় মন্ত্রী আজ উনকোটি জেলার গৌরনগর লকের অধীন কাউলিকুড়া গ্রামে MGNREGA প্রকল্পে নির্মিত নালা পরিদর্শন

করেন। তাহাড়া অপূর্ব প্রতিক্রিয়া নিদর্শন, শৈবতীর্থ উনকোটি পরিদর্শন করেন।

National Commission for ST :

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কমিশন অব সিডিউলড ট্রাইব-এর চেয়ারপার্সন অন্তর সিং আর্য আগামীকাল মোহনপুর মহকুমার লেফুঙ্গা ব্লক পরিদর্শন করবেন। সেখানে শচীন দেববর্মা মেমোরিয়াল হলে মতবিনিময় সভায় অংশ নেবেন। সঙ্গে থাকবেন কমিশনের সদস্য নিরূপম চাকমা, ড. আশা লাকরা, জুটোথু হুসেন, কমিশনের সচিব প্রশান্ত কুমার সিং, যুগ্ম সচিব অমিত নির্মল প্রমুখ।

Power Minister :

বিদ্যুৎ ও নির্বাচন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী রতন লাল নাথ আজ সচিবালয়ে নির্বাচন দপ্তরে টি.পি.এস.সির মাধ্যমে উত্তীর্ণ তিনজন প্রোগ্রামার এবং সহকারি প্রোগ্রামারের পদে চাকুরী প্রাপকদের হাতে অফার তুলে দেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতার সঙ্গে নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রেখেছে।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte# # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেল আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Jwel Oram-Unakoti :

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রী জুয়েল ওরামের পৌরহিত্যে আজ কৈলাশহর সার্কিট হাউজে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভারত সরকারের জল জীবন মিশন, পি.এম বিশ্বকর্মা, আদি কর্মযোগী অভিযান, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, পি.এম-স্বনিধি, MGNREGA, আয়ুষ্মান ভারত, পি.এম-জনমন, প্রধানমন্ত্রী মাতৃবন্দনা যোজনা, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা ইত্যাদির কাজকর্ম, অগ্রগতি, সুবিধা-অসুবিধা এবং জনকল্যাণে আগামীদিনে কি কি কর্ণীয় সে বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। তাছাড়া তথ্যচিত্র উপস্থাপনের মাধ্যমে উনকোটি জেলার উন্নয়নের কাজকর্ম প্রদর্শিত হয়। উপস্থিত ছিলেন রাজ্য মন্ত্রীসভার সদস্য বিকাশ দেববর্মা, টিংকু রায়, সুধাংশু দাস, বিধায়ক বীরজিঃ সিংহ ও ভগবান চন্দ্র দাস প্রমুখ। বৈঠক শেষে আকাশবাণীর উনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে একান্ত সাক্ষাৎকারে কেন্দ্রীয় মন্ত্রী জুয়েল ওরাম জানান, পূর্বোত্তর সম্পর্ক সেতুর অধীনে কেন্দ্রীয় মন্ত্রীদের বিভিন্ন রাজ্য ও জেলা সফর করতে হয়। তিনি বলেন, উনকোটি জেলাতে উন্নয়ন প্রক্রিয়া সম্ভোষজনক। তাঁর এই সফরের বিষয়ে প্রধানমন্ত্রীর দপ্তর ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন বিষয়ক মন্ত্রকের কাছে রিপোর্ট পেশ করবেন।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সাথে তাঁর

চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসল পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

ITI :

আগরতলার ইন্দ্রনগরে মহিলা আই.টি.আই এর ক্যাম্পাস হলে আজ এক অনুষ্ঠানে 'ডিজিটাল দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সক্ষমতা বৃদ্ধি' বিষয়ক কোর্সে প্রশিক্ষনপ্রাপ্ত ১৪০ জনকে শংসাপত্র দেওয়া হয়। দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের যুগ্ম অধিকর্তা সুতীর্থা পাল জানান, ২০২৪-২৫ অর্থবছর থেকে মহারাষ্ট্র নলেজ কর্পোরেশন লিমিটেডের তত্ত্বাবধানে শুরু হয় এই কোর্স। এই কোর্সে ইনফরমেশন টেকনোলজি, ডিজাইনিং হার্ডওয়ার ও নেটওয়ার্কিং, প্রোগ্রামিং একাউন্টিং ইত্যাদি বিষয় প্রশিক্ষণ দেওয়া হয়।

Unity March-Gujrat :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ওজরাটের শাস্ত্রী ময়দানে কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের MY Bharat-এর মাধ্যমে সর্দার@১৫০ একতা মার্চের জাতীয় পদযাত্রার সূচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। প্রসঙ্গত উল্লেখ্য ১১ দিনের এই পদযাত্রা আজ থেকে শুরু হয়ে আগামী ৬ই ডিসেম্বর স্ট্যাচু অফ ইউনিটিতে শেষ হবে। মুখ্যমন্ত্রী বলেন, স্বাধীনতার পর সর্দার বল্লভভাই প্যাটেল দেশের প্রিক্য ও অখণ্ডতা রক্ষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তরুণ প্রজন্মের মধ্যে প্রিক্য, দেশপ্রেম এবং দায়িত্ববোধ জাগিয়ে তুলতে কাজ করছেন। মুখ্যমন্ত্রী

যুবসমাজকেও একটি প্রিক্যবন্ধ এবং আন্তর্জাতিক ভারত গড়ে তোলার কাজে
এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

Drug :

আদালতের নির্দেশে পুলিশ আজ আগরতলার বোধজংলগরে দেড় কোটি
টাকার এসকাফ সিরাপের বোতল ধ্বংস করেছে। আই.জি রমেশ রেড্ডি
জানান, আজ ৫০ হাজার ৭০ বোতল এসকাফ সিরাপ ধ্বংস করা হয়েছে।
গত ৭ জুলাই আমবাসা থানায় এনডিপিএসের এক মামলায় এগুলি বাজেয়াপ্ত
করা হয়েছিল।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। পশ্চিম জেলা থোয়াই,
গোমতী ও সিপাহীজলা জেলার কিছু স্থানে সকালে ঘন কুয়াশার সতর্কতা
জারি করেছে দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি
সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন
১৫ ডিগ্রি সেলসিয়াস।
